

শিরোনাম: স্বাধীনচেতা
কলমে :শাহেনা আক্তার
স্বাধীনচেতা

অত করে বলছ কেন
হাতের লেখা লিখতে?
বলছ কেন হবেই হবে
নামতাগুলো শিখতে?
ওগুলো তো করবে এখন
কম্পিউটার যন্ত্র
কী-বোর্ডটা পড়ে দেবে
হাতের লেখায় মন্ত্র ।
তার চাইতে দাও না পড়ি
কবিগুরুর কাব্য,
নয়তো বসে আগুন চোখে
সুকান্তকেই ভাবব।
নাহয় বসে ইতিহাসের
পাতাগুলোই ওল্টাই,
নয়তো তুলি তবলা বায়ায়
দারা তালের বোলটাই।
তুলি নিয়েও বসতে পারি
সেইটে যদি চাও মা,
অথবা সব পরীক্ষণের
যন্ত্র কিনে দাও মা।
কত কিছুই করার আছে
যান্ত্রিকতার ঊর্ধ্বে,
মনটা বলে, বনে গিয়ে
পাখির গানে সুর দে।
তাইতো বলি বইয়ের পড়া
মুখস্থ আর করব না।
ভাবব আমি নিজের মতো
পরের চলন ধরব না।
